

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৮৯

২/ রাসূলুল্লাহ ্রান্ট্র হতে নামাযের সময়সূচী (ক্র্রিট্রের এটা بالصلاة عن رسول الله পরিচ্ছেদঃ ১৭৪. অধিক পরিমাণে রুকৃ—সিজদা করার (নামায আদায় করা) ফ্যীলত

باب مَا جَاءَ فِي كَثْرَةِ الرُّكُوعِ وَالسُّجُودِ وَفَضلْلِهِ

আরবী

قَالَ مَعْدَانُ بُنُ طَلْحَةَ فَلَقِيتُ أَبًا الدَّرْدَاءِ فَسَأَلْتُهُ عَمَّا سَأَلْتُ عَنْهُ قَوْبَانَ فَقَالَ عَلَيْكَ بِالسُّجُودِ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَا مِنْ عَبْد يَسْجُدُ لِلّهِ سَجْدَةً إِلاَّ رَفَعَهُ اللَّهُ بِهَا دَرجَةً وَحَطَّ عَنْهُ بِهَا خَطِيئَةً ". قَالَ مَعْدَانُ بُنُ طَلْحَةَ الْيَعْمَرِيُ وَيُقَالُ ابْنُ أَبِي طَلْحَةَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَأَبِي أَمَامَةَ وَأَبِي فَاطِمَةَ . قَالَ أَبُو وَيُقَالُ ابْنُ أَبِي طَلْحَةً . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَأَبِي أَمَامَةَ وَأَبِي فَاطِمَةَ . قَالَ أَبُو عِيسَى حَديثُ ثَوْبُانَ وَأَبِي الدَّرْدَاءِ فِي كَثْرَةِ الرُّكُوعِ وَالسُّجُودِ حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . عَيسَى حَديثُ ثَوْبُانَ وَأَبِي الدَّرْدَاءِ فِي كَثْرَةَ الرُّكُوعِ وَالسُّجُودِ حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَالَ بَعْضَهُمُ مُكْثُرَةُ الرُّكُوعِ وَالسُّجُودِ مَنِيثٌ مِنْ طُولِ الْقِيَامِ وَقَالَ أَمْتُ مُنْ عَنْهُمُ كُثْرَةُ الرُّكُوعِ وَالسُّجُودِ وَأَهْلُ الْقِيَامِ وَقَالَ الْبَابِ فَقَالَ بَعْضَهُمُ مُكْرُةً الرُّكُوعِ وَالسُّجُودِ وَأَهْلِ الْقِيَامِ وَقَالَ أَلْمُ عَلْ النَّيِي صلى الله عليه وسلم فِي هَذَا حَدِيثَانِ وَلَمْ عَلْهُ اللَّيْلِ وَقَالَ الْقِيامِ إِلاَّ أَنْ يَكُونَ رَجُلُّ لَهُ جُزْةً بِاللَّيْلِ يَا يَتَى عَلَيْهِ فَكَثْرَةُ الرُّكُوعِ وَالسُّجُودِ وَأَمَّا بِاللَّيْلِ فَعَلْمُ الْقَيَامِ وَقَالَ إِسْحَاقُ هَذَا لَأَتِي عَلَى جُزْئِهِ وَقَدْ رَبِحَ كَثْرَةَ الرُكُوعِ وَالسُّجُودِ . قَالَ أَبُو عِيسَى هَذَا أَحَبُ إِلِيَّ الْمُدُودِ . قَالَ أَبُو عِيسَى وَقُصِفَ طُولُ الْقِيَامِ وَأَمَّا بِالنَّهَارِ فَلَا مُؤْتِهِ مِنْ طُولُ الْقِيَامِ وَأَمَّا بِالنَّهَارِ فَلَا مُؤْتُهُ مَنْ صَلاَتِهِ مِنْ طُولِ الْقِيَامِ وَأَمَّا بِالنَّهَارِ فَلَا مُؤْتُ مَلَى الله عليه وسلم بِاللَّيْلِ . وَقُصِفَ طُولُ الْقِيَامِ وَأَمَّا بِالنَّهَارِ فَلَا مُؤْلُ الْمَلِي الْقَيَامِ وَلُولُ الْقَيَامِ وَأَمَّا بِالنَّهَارِ فَلَى مُنْ صَلاَتِهِ مِنْ طُولُ الْقِيَامِ وَأَمَّا بِالنَّهَارِ فَلَا مُؤْلُ الْمَالِي الْمَالُولُ الْقِيَامِ وَأَمَّا بِالنَّهَارِ فَلَا مُنْهُ مَا وَلِي الْمَلْكُونُ وَالسُّالِهُ الْمَالُولُ ال

বাংলা

৩৮৯। মাদান বলেন, অতঃপর আমি আবু দারদা (রাঃ)-এর সাথে দেখা করে তাকেও সাওবানের নিকট যে প্রশ্ন করেছিলাম তাই করলাম। তিনি বললেন, তুমি অবশ্যই সিজদা করতে থাক। কেননা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ যে কোন ব্যক্তিই আল্লাহ তা'আলার সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে তাকে একটি



সিজদা করে, আল্লাহ তা'আলা তার মর্যাদা বাড়িয়ে দেন এবং তার একটি গুনাহ ক্ষমা করে দেন।

—সহীহ। দেখুন পূর্বের হাদীস।

মাদান ইবনু ইয়ামারীকে ইবনু আবী তালহাও বলা হয়।

এ অনুচ্ছেদে আবু হুরাইরা, আবু উমামা ও আবু ফাতিমা (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবু ঈসা বলেনঃ অধিক রুকু সিজদা্ সম্পর্কিত সাওবান ও আবু দারদা (রাঃ)-এর হাদীস দুটো হাসান সহীহ। হাদীসে বর্ণিত বিষয়ে বিদ্বানগণের মতের অমিল রয়েছে।

একদল আলিম বলেছেন নামাজে দীর্ঘ কিয়াম করা বেশি রুকু সিজদা করা হতেও উত্তম। অপর দল বলেছেন, দীর্ঘ কিয়ামের তুলনায় বেশি রুকু-সিজদা করা উত্তম। ইমাম আহমাদ বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদীস দুটি হতে উভয় মতেরই সমর্থন পাওয়া যায়, তাতে কোন সমাধান নাই। ইসহাক বলেন, দিনের বেলা বেশি রুকু-সিজদা এবং রাতের বেলা দীর্ঘ কিয়াম করা উত্তম। হ্যাঁ যদি কোন ব্যক্তি রাতের কিয়ামের জন্য সময় নির্দিষ্ট করে নেয় তবে বেশি রুকু সিজদা করাই উত্তম। কেননা সে তার নির্দিষ্ট সময়ও পূর্ণ করবে আর বেশি রুকু সিজদা'রও সাওয়াব পাবে এবং কল্যাণের মধ্যে থাকবে।

আবু ঈসা বলেনঃ ইমাম ইসহাকের এ মতের সমর্থনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের আমল বিদ্যমান রয়েছে। তিনি রাতে দীর্ঘ কিয়াম করতেন এবং দিনে বেশি রুক্-সিজদা করতেন (অনেক রাকাআত নামায আদায় করতেন)। তিনি দিনের নামাযে রাতের নামাযের মতো দীর্ঘ কিয়াম করতেন না।

English

Madan [bin Talhah] said:

"I met Abu Ad-Darda, and I asked him what I had asked Thawban, so he said: 'Perform prostrations, for I heard Allah's Messenger saying: 'No worshipper performs a prostration to Allah except that by it Allah will raise him a level, and erase a sin from him for it.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ মা'দান ইবনু তলহাহ আল ইয়া'মুরী (রহ,)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন